গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

ঢাকা, বুধবার ১৮ ফেব্রুয়ারি ২০১৫, ৬ ফাল্গুন ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আন্দোলনের নামে হত্যাকাণ্ড বন্ধে সবার সহযোগিতা কামনা করলেন প্রধানমন্ত্রী
২। ঢাকায় গ্যাসে প্রি-পেইড মিটার চালুসহ একনেকে ৬ প্রকল্প অনুমোদন
৩। আইনশৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে রাষ্ট্রীয় ৩৯১ গুরুত্বপূর্ণ স্থাপনায় সর্বোচ্চ নিরাপত্তার নির্দেশ
৪। আইন-শৃঙ্খলা বাহিনীর পদক্ষেপে দেশের পরিস্থিতি স্বাভাবিক : শিল্পমন্ত্রী
৫। জনগণের শক্তি দিয়েই নাশকতা দমন করা হবে : স্বাস্থ্যমন্ত্রী
৬। অচিরেই প্রণীত হচ্ছে অনলাইন সংবাদ মাধ্যম নীতিমালা : তথ্যমন্ত্রী
৭। সৌদি আরবে যেতে এখনই পৃথক নিবন্ধনের প্রয়োজন নেই
৮। নতুন এলাকায় গ্যাস সংযোগ দেওয়া হবে না : জ্বালানি প্রতিমন্ত্রী
৯। যক্ষ্মা নিয়ন্ত্রণে চাই সম্মিলিত সামাজিক উদ্যোগ
১০। বাংলাদেশের ক্রিকেট বিশ্বকাপ-২০১৫ শুরু আজ

চলমান পাতা/২

১। আন্দোলনের নামে হত্যাকাণ্ড বন্ধে সবার সহযোগিতা কামনা করলেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, গত দেড় মাস ধরে রাজনৈতিক কর্মসূচির নামে সারাদেশে একের পর এক পেট্রোল বোমা নিক্ষেপ, আগুন আর হাতবোমায় নিরীহ সাধারণ মানুষকে হত্যা ও নির্যাতন চলছে। পুড়িয়ে মানুষ হত্যাকারীদের বিরুদ্ধে দেশের বিবেকবান মানুষ এবং মুক্তিযুদ্ধের পক্ষের সব শক্তিসহ দেশবাসীকে ঐক্যবদ্ধভাবে সোচ্চার হওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, এ ধরনের জঘন্য ও বীভৎস হত্যাকাণ্ড বন্ধ করার জন্য সবার সহযোগিতা চাই। গতকাল ১৭ ফেব্রুয়ারি মঙ্গলবার জাতীয় যাদুঘরে 'বিএনপি-জামায়াতের অগ্নি সন্ত্রাস-লুণ্ঠিত মানবতা' শীর্ষক তথ্যচিত্র প্রদর্শনী ও আলোচনা সভায় হরতাল-অবরোধের আগুনে পুড়ে নিহতদের স্বজন ও দগ্ধদের যন্ত্রণার কথা শোনার পর এসব কথা বলেন প্রধানমন্ত্রী। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৩), সমকাল (পৃ.১,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৩), ডেইলি সান (শেষ পৃ.,ক.৪)। নিউজ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। ঢাকায় গ্যাসে প্রি-পেইড মিটার চালুসহ একনেকে ৬ প্রকল্প অনুমোদন

রাজধানীর ১২ এলাকায় গ্যাসের প্রি-পেইড মিটার পদ্ধতি চালু করাসহ ছয়টি প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এগুলো বাস্তবায়নে মোট ব্যয় হবে ৫ হাজার ৩৯৭ কোটি ৭ লাখ টাকা। এরমধ্যে সরকারি তহবিলের ৪ হাজার ৯১৪ কোটি ৬৫ লাখ টাকা, বৈদেশিক সহায়তা থেকে ৪৫৩ কোটি ১১ লাখ এবং সংস্থার নিজস্ব তহবিল থেকে ২৯ কোটি ৩১ লাখ টাকা ব্যয় করা হবে। অনুমোদিত আরো একটি প্রকল্পের মাধ্যমে, মাধ্যমিকের ৪২ লাখ ৪৪ হাজার গরিব শিক্ষার্থীকে উপবৃত্তির আওতায় আনা হচ্ছে। গতকাল ১৭ ফেব্রুয়ারি মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলনকক্ষে অনুষ্ঠিত সভায় এ অনুমোদন দেওয়া হয়। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপার্সন শেখ হাসিনা। সূত্র-জনকণ্ঠ (পৃ.৩,ক.২), প্রথম আলো (পৃ.৩,ক.৩), সংবাদ (শেষ পৃ.,ক.২), ডেইলি সান (শেষ পৃ.,ক.৩), ডেইলি স্টার (পৃ.২,ক.৩)।

৩। আইনশৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে রাষ্ট্রীয় ৩৯১ গুরুত্বপূর্ণ স্থাপনায় সর্বোচ্চ নিরাপত্তার নির্দেশ

রাষ্ট্রীয় ৩৯১টি গুরুত্বপূর্ণ স্থাপনার (কি পয়েন্ট ইন্সটেলশন-কেপিআই) সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে নির্দেশ দেওয়া হয়েছে। একই সঙ্গে রাতের বেলায় মহাসড়কসহ লোক সমাগম হয়-এমন স্থানে নিরাপত্তা জোরদার করতে বলা হয়েছে। গতকাল ১৭ ফেব্রুয়ারি মঙ্গলবার সচিবালয়ে আইনশৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে থেকে এসব নির্দেশনা দেওয়া হয়েছে। সূত্র-প্রথম আলো (পৃ.২,ক.২)।

৪। আইন-শৃঙ্খলা বাহিনীর পদক্ষেপে দেশের পরিস্থিতি স্বাভাবিক : শিল্পমন্ত্রী

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, আইন-শৃঙ্খলা বাহিনীর পদক্ষেপের কারণে জঙ্গিবাদি কার্যকলাপের কথিত অস্বাভাবিক পরিস্থিতি স্বাভাবিক হয়েছে। দেশের সর্বত্র দোকানপাট সবই খোলা হচ্ছে। গতকাল ১৭ ফেব্রুয়ারি মঙ্গলবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আইন-শৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক শেষে সংবাদ সম্মেলনে শিল্পমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.২,ক.১), যুগান্তর (শেষ পৃ.,ক.১), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১)।

৫। জনগণের শক্তি দিয়েই নাশকতা দমন করা হবে : স্বাস্থ্যমন্ত্রী

আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য, কেন্দ্রীয় ১৪ দলের মুখপাত্র এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, যারা সংলাপের কথা বলছেন তারা হত্যাকারীদেরই রক্ষা করতে চান। জনগণের শক্তি দিয়েই সকল সন্ত্রাসী-সহিংসতা দমন করা হবে। গতকাল ১৭ ফেব্রুয়ারি মঙ্গলবার ধানমন্ডিতে আওয়ামী লীগ সভানেত্রীর রাজনৈতিক কার্যালয়ে কেন্দ্রীয় ১৪ দলের সঙ্গে পেশাজীবী বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দের এক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১), ইনকিলাব (পৃ.১,ক.১)।

৬। অচিরেই প্রণীত হচ্ছে অনলাইন সংবাদ মাধ্যম নীতিমালা : তথ্যমন্ত্রী

গতকাল ১৭ ফেব্রুয়ারি মঙ্গলবার জাতীয় সংসদের প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু জানান, বর্তমানে অনলাইন সংবাদপত্রের কোনো নীতিমালা নেই। তবে অনলাইনভিত্তিক সংবাদপত্রসমূহকে একটি নিয়মতান্ত্রিক কাঠামোর মধ্যে আনার জন্য তথ্য মন্ত্রণালয় হতে 'অনলাইন গণমাধ্যম শীর্ষক নীতিমালা' প্রণয়নের উদ্যোগ নেওয়া হয়েছে। এজন্য প্রধান তথ্য কর্মকর্তাকে আহ্বায়ক করে একটি কমিটি এবং বাংলাদেশ কম্পিউটার সমিতির সাবেক সভাপতি মোস্তফা জব্বারকে আহ্বায়ক করে একটি উপ-কমিটি গঠন করা হয়েছে। এ নিয়ে কমিটি কাজ শুরু করেছে। অচিরেই নীতিমালা চূড়ান্ত হবে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১৯,ক.১), যুগান্তর (পৃ.৩,ক.১), ইত্তেফাক (পৃ.২,ক.১)।

৭। সৌদি আরবে যেতে এখনই পৃথক নিবন্ধনের প্রয়োজন নেই

সৌদি আরব যেতে এখনই পৃথক নিবন্ধনের দরকার হবে না বলে জানিয়েছেন বৈদেশিক কর্মসংস্থান ও প্রবাসীকল্যাণ মন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন। তিনি বলেন, সৌদি আরবে জনশক্তি রপ্তানি হবে, তবে সরকারি তরফ থেকে কখনও বলা হয়নি সরকার ওই জনশক্তি রপ্তানির জন্য পৃথক নিবন্ধন প্রক্রিয়া শুরু করেছে। কারণ এখন পর্যন্ত দেশটি থেকে চাহিদাপত্রই আসেনি। এর সময়সীমাও নির্ধারণ হয়নি। তাই আলাদা করে কোনো

নিবন্ধনও করা হচ্ছে না। সম্প্রতি দেশটিতে জনশক্তি রপ্তানি নিয়ে বিভ্রান্তি তৈরি হওয়ায় এই পরিপ্রেক্ষিতে সরকারের অবস্থান পরিষ্কার করতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে প্রবাসীকল্যাণ মন্ত্রী এ তথ্য দেন। সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.১), সংবাদ (পৃ.১,ক.২), প্রথম আলো (পৃ.৩,ক.২), নিউ নেশন (পৃ.১,ক.৩), ডেইলি স্টার (পৃ.৩,ক.৪)।

৮। নতুন এলাকায় গ্যাস সংযোগ দেওয়া হবে না : জ্বালানি প্রতিমন্ত্রী

চাহিদার তুলনায় গ্যাস ঘাটতি থাকায় নতুন এলাকায় গ্যাস সংযোগ দেওয়া হবে না বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। তিনি বলেন, বর্তমানে প্রতিদিন চাহিদার চেয়ে গ্যাসের সরবরাহে ঘাটতি রয়েছে ৫শ' মিলিয়ন ঘনফুট। গ্যাস উৎপাদন-সরবরাহ আংশিক বৃদ্ধির প্রেক্ষাপটে নতুন এলাকা বর্ধিত করা হবে না। তবে যেসব এলাকায় ইতোমধ্যে গ্যাস বিতরণ লাইন রয়েছে, সেসব এলাকায় পর্যায়ক্রমে আবাসিক পর্যায়ে গ্যাস সংযোগ দেওয়া হবে। গতকাল ১৭ ফেব্রুয়ারি মঙ্গলবার জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। সূত্র-ইনকিলাব (শেষ পৃ.,ক.১), প্রথম আলো (পৃ.৩,ক.১), ইত্তেফাক (পৃ.২,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৩), ডেইলি সান (পৃ.২,ক.৩)।

৯। যক্ষ্মা নিয়ন্ত্রণে চাই সম্মিলিত সামাজিক উদ্যোগ

যক্ষ্মা শুধু একটি রোগ নয়, এটি একটি সামাজিক সমস্যাও। তাই রোগটি নিয়ন্ত্রণ ও নির্মূলে প্রয়োজন সম্মিলিত সামাজিক উদ্যোগ। এই রোগ শুধু জীবাণুর কারণেই হয় না। দারিদ্র্য, অপুষ্টি, ঘন বসতি, অজ্ঞতা, অসচেতনতাসহ বিভিন্ন উপসর্গ এর সঙ্গে জড়িত। অনেক পরিবার এখনও যক্ষ্মা রোগ শনাক্তের বাইরে থেকে যাচ্ছে। গতকাল ১৭ ফেব্রুয়ারি মঙ্গলবার রাজধানীর ব্র্যাক সেন্টার ইন-এ আয়োজিত 'যক্ষা নিয়ন্ত্রণ কর্মসূচি : সকলের অংশীদারিত্ব' শীর্ষক গোলটেবিল আলোচনায় বক্তারা এ কথা বলেন। সূত্র-সমকাল (পৃ.৩,ক.৩), ইত্তেফাক (পৃ.৩,ক.৪)।

১০। বাংলাদেশের ক্রিকেট বিশ্বকাপ-২০১৫ শুরু আজ

আজ ১৮ ফেব্রুয়ারি বুধবার শুরু হচ্ছে বাংলাদেশের বিশ্বকাপ ক্রিকেট। এ দিন ক্যানবেরার মানুকা ওভালে বাংলাদেশ মাঠে নামবে আফগানিস্তানের বিপক্ষে। ম্যাচটি শুরু হবে বাংলাদেশ সময় সকাল সাড়ে ৯টায়। নিজেদের শুরুর ম্যাচে জয়ের প্রত্যয় ব্যক্ত করেছে খেলোয়াড়রা। সূত্র- প্রথম আলো (পৃ.১,ক.২), যুগান্তর (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.৪), ডেইলি সান (পৃ.১,ক.৪)। ভোরের কাগজ, সংবাদ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : আন্তর্জাতিক বিভিন্ন গবেষণা প্রতিবেদনে বাংলাদেশের অপার সম্ভাবনার বিষয়টি নানা তথ্য উপাত্ত দিয়ে তুলে ধরে সংঘাতময় রাজনৈতিক পরিস্থিতির জন্য দায়ী রাজনৈতিক নেতৃত্বের আত্মঘাতি যুদ্ধের জন্য দেশের আর্থ সামাজিক সম্ভাবনাকে ধ্বংস না করার আহ্বান;

খ. ইত্তেফাক : ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ধানমন্ডি সাত মসজিদ সড়ককে পথচারীবান্ধব করার উদ্যোগকে স্বাগত জানিয়ে পর্যায়ক্রমে সকল সড়ককে পথচারীবান্ধব করার সুপারিশ;

গ. জনকণ্ঠ : জাতিসংঘের বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত সমীক্ষা দল সুন্দরবনে তেলবাহী জাহাজ ডুবির ক্ষতি মোকাবেলায় প্রণীত সুপারিশগুলো বাস্তবায়ন ও ঘষিয়াখালী চ্যানেলটি দ্রুত চালুর ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ;

ঘ. সংবাদ : বিদেশ থেকে ঋণ এনে বিনিয়োগে না গিয়ে স্থানীয় ব্যাংকের দায় পরিশোধ করার অভিযোগে অভিযুক্ত কিছু ব্যাংক ও কর্পোরেট প্রতিষ্ঠানের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

ঙ. সমকাল : বরগুনার পাথরঘাটা থেকে ৭০ কিলোমিটার দূরে বঙ্গোপসাগরে মাছ ধরার ১২টি ট্রলার জলদস্যুদের দ্বারা ডাকাতি হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এ ধরনের ঘটনার যাতে পুনরাবৃত্তি না ঘটে সেজন্য যথাযথ কর্তৃপক্ষকে কার্যকর অভিযান পরিচালনার দাবি;

চ. ডেইলি স্টার, যায়যায়দিন : ডিসিসি জনপ্রতিনিধি দ্বারা পরিচালিত না হওয়ায় রাজধানীবাসী বিভিন্ন সেবা থেকে বঞ্চিত হওয়ার প্রেক্ষিতে অতি সত্বর নির্বাচন কমিশন ডিসিসি নির্বাচনের ব্যবস্থা করবে বলে প্রত্যাশা;

ছ. ইন্ডিপেনডেন্ট : নির্বিচারে সব পোকা দমন না করে উপকারী পোকা-মাকড় সুরক্ষায় যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণের সুপারিশ;

জ. ডেইলি সান, যায়যায়দিন: ফরমালিন আমদানি ও বাজারজাতকরণ ও বিপণন ব্যবস্থা কঠোর নজরদারিতে রাখার ওপর গুরুত্বারোপ;

ঝ. নিউ এজ : এক মোটর সাইকেলে তিনজন পুলিশ আরোহী থাকায় মোটর সাইকেলে আরোহণ সংক্রান্ত আইন কানুন পুলিশের ক্ষেত্রেও সমান প্রযোজ্য থাকার প্রত্যাশা;

ঞ. ফিনানসিয়াল এক্সপ্রেস : পদ্মা ব্রিজ হয়ে প্রস্তাবিত ঢাকা-যশোর রেল সংযোগ চালু হলে তা দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যাপক প্রভাব ফেলবে বলে অভিমত প্রকাশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে চলমান রাজনৈতিক বিরোধ নিষ্পত্তিতে সংযম ও সমঝোতার কোনো

বিকল্প নেই বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'জাতীয় জাগরণের ফেব্রুয়ারি' শিরোনামের নিবন্ধে সাহেনা আক্তার হেনা ভাষা দিবসের এ মাসে শহীদ দিবস আমাদের গণতান্ত্রিক ও পুর্ণাঙ্গ অর্থনৈতিক মুক্তির শপথে দীপ্ত হোক এ প্রত্যাশা জানিয়ে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা